60

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 2.9 JUL 1995 ...
পৃষ্ঠা ৭০ কলাম ৫ ...

# শিক্ষক স্বল্পতা লেখাপড়ায় স্থবিরতা

সালাম মশরুর, *সিলেট অফিস*

না না সমস্যায় জর্জরিত সিলেট সরকারী ডিগ্রী কলেজে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। কলেজে ৬১টি শিক্ষকের পদ থাকলেও আছে মাত্র ৩১ জন। কলেজে ছাত্র-ছাত্রীর সংখ্যা দুই সহস্রাধিক। শিক্ষক সঙ্কটের কারণে কলেজের শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। অফিস বেয়ারার ১০টি পদ শূন্য রয়েছে। শহর থেকে ৪ কিলোমিটার দূরে অবস্থিত কলেজের বিপুল সংখ্যক ছাত্রছাত্রীর জন্য একটি মাত্র বাস থাকায় ছাত্র-ছাত্রীদের পরিবহন সঙ্কট রয়েছে। কলেজে শ্রেণী কক্ষের স্বল্পতা ও আসবাবপত্রের অভাব, পানি সঙ্কট রয়েছে।

কলেজের অডিটোরিয়াম, ছাত্র-ছাত্রীর কমন রুম ও হোস্টেলে আসবাবপত্র এবং লাইব্রেরিতে প্রয়োজনীয় বইয়ের অভাব রয়েছে।

কলেজে শ্রেণী কক্ষের অভাব রয়েছে। শুধু প্রথমবর্ষের ৯শ' ছাত্র-ছাত্রীর জন্য বিজ্ঞান ও মানবিক বিভাগে দু'টি এবং বাণিজ্যিক বিভাগে একটি করে ৫টি শ্রেণী কক্ষের প্রয়োজন। স্থানাভাবে অনেক সময় ছাত্রছাত্রীদের বারান্দায় দাঁড়িয়েও ক্লাশ করতে হয়। শ্রেণী কক্ষের জন্য এক সাথে ক্লাস নেয়াও সম্ভব হয় না।

১৯৮৮ সালে তৎকালীন শিক্ষা সচিবের একান্ত চেষ্টায় স্নাতক পর্যায়ে উন্নীত হলেও আজ পর্যন্ত পর্যাপ্ত শিক্ষক দেয়া হয়নি। একটি স্নাতক পর্যায়ের কলেজে প্রত্যেক বিষয়ের জন্য একজন করে সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও দু'জন প্রভাষক— এই চারজনের পদ রয়েছে।